**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ২৪ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।**

**এস.আর.ও. নং-১৪৫-আইন/২০২৬/৩৫০-মূসক** ।—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল এবং বাংলাদেশ হাই-টেক পার্কে বিনিয়োগকারী প্রতিষ্ঠান এর ক্ষেত্রে-

(ক) যাহারা বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) বা ক্ষেত্রমত, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর অধীন ইতিপূর্বে নিবন্ধিত হইয়াছে সেই সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে, পণ্য উৎপাদন পর্যায়ে ব্যবহৃত নিম্নবর্ণিত টেবিল-১ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এ আওতাভুক্ত কলাম (৩) এ বর্ণিত পণ্য সরবরাহের উপর এবং টেবিল-২ এর কলাম (১) ও (২) এ উল্লিখিত সেবার শিরনামা সংখ্যা ও সেবার কোড-এর আওতাভুক্ত কলাম (৩) এ বর্ণিত সেবাসমূহের উপর প্রদেয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**টেবিল-১**

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্য পূর্ণ নামকরণ কোড (H.S. Code) | পণ্যের বিবরণ (Description of Goods) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২৭.১১ | ২৭১১.২১.০০ | প্রাকৃতিক গ্যাস |

**টেবিল-২**

| শিরনামা সংখ্যা | সেবার কোড | সেবার নাম |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| S০২৫ | S০২৫.০০ | ওয়াসা |
| S০৩৭ | S০৩৭.০০ | যোগানদার (Procurement Provider) (পেট্রোলিয়াম দ্রব্যাদি ব্যতীত) |
| S০৫৭ | S০৫৭.০০ | বিদ্যুৎ বিতরণকারী |

(খ) যাহারা দফা (ক) এ উল্লিখিত কোনো আইনের অধীন ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দের পরে নিবন্ধিত হইবেন, সেই সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে, পণ্য উৎপাদন পর্যায়ে ব্যবহৃত নিম্নবর্ণিত টেবিল এর কলাম (১) ও (২) এ উল্লিখিত সেবার শিরনামা সংখ্যা ও সেবার কোড-এর আওতাভুক্ত কলাম (৩) এ বর্ণিত সেবাসমূহের উপর প্রদেয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**টেবিল**

| **শিরোনামা সংখ্যা** | **সেবার কোড** | **সেবার নাম** |
|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** |
| S০৩৭ | S০৩৭.০০ | যোগানদার (Procurement Provider) (পেট্রোলিয়াম দ্রব্যাদি ব্যতীত) |
| S০৫৭ | S০৫৭.০০ | বিদ্যুৎ বিতরণকারী |

২। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, কোনো উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৩। ১৩ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৯০-আইন/২০১৯/৪৭-মূসক এবং প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৯১-আইন/২০১৯/৪৮-মূসক এতদ্দ্বারা রহিত করা হইল।

৪। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে এবং ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ পর্যন্ত বলবৎ থাকিবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**( মোঃ আবদুর রহমান খান এফসিএমএ )**
**সচিব**